




ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানকে উপজীব্য করে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ভবনের দ্বিতীয় তলার একটি কক্ষে সাময়িকভাবে 'জুলাই আন্দোলন স্মৃতি সংগ্রহশালা' প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহিদ এবং আহতদের স্মৃতি রক্ষার্থে তাঁদের ছবি, ঘড়ি, জুতা, জামা-কাপড়, চশমা, বই-খাতা-কলম, ব্যাগ, পরিচয়পত্র, মানিব্যাগ, মোবাইল সেট, লেখা, ডাইরিসহ ব্যক্তিগত ব্যবহৃত জিনিসপত্র এই সংগ্রহশালায় স্থান পাবে।

জুলাই আন্দোলনের শহীদ ও আহতদের নাম, ঠিকানা ও বিস্তারিত তথ্যসহ তাঁদের ব্যবহৃত জিনিসপত্র আগামী ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ডিন অফিসে জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

প্রশাসনিক ভবন
রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়


২০/০২/২০২৫
মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/প্রশা-৩/২০২৫ - সি

তারিখ: ৬/০০/১৪৩১ বঙ্গাব্দ
২০/২/২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো :-

১. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়।